

## নোটিশ


এতদ্বারা হাইমচর উপজেলার সকল খাদ্যশস্য (চাল, গম ও গমজাত দ্রব্য)/ ভোজ্য তেল (সয়াবিন ও পামওয়েল), চিনি এবং ডাল ব্যবসায়ী, আমদানীকারক পাইকারী ও খুচরা ব্যবসায়ী এবং ডিলারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যশস্যের ব্যবসার ক্ষেত্রে ১ (এক) মে.টনের অধিক উপরোক্ত খাদ্য পণ্যের জন্য লাইসেন্স বিহীন ব্যবসা করা শাস্তিযোগ্য অপরাধ। সরকারী আইন Control of Essential Commodities Act. 1956 অনুযায়ী ১ (এক) মে.টনের অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী কারো অধিকারে বা নিয়ন্ত্রনে রাখতে হলে তাকে আবশ্যিকভাবে এ সংক্রান্ত ব্যবসায়ের লাইসেন্স গ্রহণ করতে হবে। কিছু কিছু ব্যবসায়ী খাদ্য অধিদপ্তর থেকে লাইসেন্স গ্রহণ করলেও গত ৩০/০৬/২০২০ তারিখে তার মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিন্তু তারা লাইসেন্স নবায়ন করেনি বিধায় তাদের লাইসেন্স আপনা আপনি বাতিল হয়ে গেছে। তাদের পুনরায় লাইসেন্স গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো এবং যে সকল ব্যবসায়ী লাইসেন্স বিহীন আছেন তাদেরকেও লাইসেন্স করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায় হাইমচর উপজেলার সকল খাদ্যশস্য (চাল, গম ও গমজাত দ্রব্য)/ ভোজ্য তেল (সয়াবিন ও পামওয়েল), চিনি এবং ডাল ব্যবসায়ী, আমদানীকারক পাইকারী এবং খুচরা ব্যবসায়ী মালিকদের (যারা ১(এক) মে.টনের অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী ব্যবসা করছেন) তাদেরকে নির্ধারিত ফরমে আবেদন ও ফি জমা দিয়ে আগামী ২০/০২/২০২১ তারিখের মধ্যে অত্র দপ্তর হতে লাইসেন্স গ্রহণ করতে পুনরায় অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত জানতে অত্র দপ্তরের কর্মরত খাদ্য পরিদর্শক জনাব আহমদ হোসাইন (০১৯১৫৪৮৯৮৫৫) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

নিম্নে লাইসেন্সের জন্য প্রদত্ত 'ফি' ও নবায়নের জন্য প্রদত্ত 'ফি' ও তথ্যাদি দেয়া হলো।

ক্রঃ নং	লাইসেন্সের ধরণ	লাইসেন্স ফি (টাকা)	নবায়ন ফি (টাকা)	মন্তব্য
১	আমদানীকারক	১০০০০+ভ্যাট	৫০০০+ভ্যাট	লাইসেন্স ও নবায়ন ফি এর সাথে ১৫% ভ্যাট যুক্ত হবে।
২	পাইকারী ব্যবসায়ী ও আড়তদার	৫০০০+ ভ্যাট	২৫০০+ভ্যাট	
৩	খুচরা ব্যবসায়ী	১০০০+ ভ্যাট	৫০০+ভ্যাট	চালান জমার কোড নং লাইসেন্স এর জন্য কোড নং ১ ৪৮৩১ ০০০১ ১৮৫৪ ভ্যাট এর জন্য কোড নং ১ ১১৩৩ ০০৪০ ০৩১১
৪	রোলার ময়দা কল	১০০০+ ভ্যাট	৫০০+ভ্যাট	
৫	খাদ্য বান্ধব ডিলার	১০০০+ ভ্যাট	৫০০+ভ্যাট	

এখানে উল্লেখ্য যে, ১(এক) মে.টনের অধিক কারো নিয়ন্ত্রনে রাখা উক্ত আইনের পরিপন্থী ও দন্ডনীয় বলে বিবেচ্য। উক্ত আইনের আলোকে লাইসেন্স বিহীন ব্যবসায়ীদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হবে।

  
(মোঃ খোরশেদ আলম)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
হাইমচর, চাঁদপুর।  
foodofficehaimchar@gmail.com  
তারিখঃ ২৪/০১/২০২১ খ্রিঃ

স্মারক নং ১৩.০১.১৩৪৭.০০৭.০৪৫.০০৬.২০. ২০

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতি ও কার্যার্থে।

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাইমচর, চাঁদপুর।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর।

৪। উপজেলা নির্বাহী অফিসার, হাইমচর, চাঁদপুর।

৫। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ।

৬। জনাব ..... পাইকারী/খুচরা ব্যবসায়ী,

..... ইউ.পি, ..... বাজার।

৭। অফিস নথি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
হাইমচর, চাঁদপুর।